

সারাদেশ

৪ কেজি গাঁজাসহ ভোলায় মাদক ব্যবসায়ী গ্রেপ্তার

প্রতিবেদক: তজুমদ্দিন (ভোলা) প্রতিনিধি

প্রকাশের তারিখ: বুধবার, ২৩ সেপ্টেম্বর ২০২৬, ০৫:০৫ PM



ভোলায় ৪ কেজি গাঁজাসহ মো. আল মামুন (২৫) নামে এক মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে পুলিশ।

মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) বিকেল ৪টার দিকে ভোলা সদর মডেল থানার ইলিশা পুলিশ তদন্ত কেন্দ্রের একটি দল গোপন সংবাদের ভিত্তিতে পূর্ব ইলিশা ইউনিয়নের কানুপুর এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করে।

পুলিশ জানায়, ইলিশা-লক্ষ্মীপুর লঞ্চঘাট এলাকার একটি চালের দোকানের সামনে পাকা সড়কে মাদক বিক্রির উদ্দেশ্যে অবস্থান করছিলেন মামুন। পুলিশের উপস্থিতি টের পেয়ে পালাবার চেষ্টা করলে তাকে আটক করা হয়।

পরে তার কাঁধে থাকা কালো রঙের ট্রাভেল ব্যাগ তল্লাশি করে কসটেপে মোড়ানো দুটি বড় পোটলা থেকে ৪ কেজি গাঁজা উদ্ধার করা হয়। এ সময় তার প্যাণ্টের পকেট থেকে তিনটি সিমসহ একটি বাটন মোবাইল ফোন জব্দ করা হয়।

গ্রেপ্তার মামুন পটুয়াখালীর গলাচিপা উপজেলার চিকনিকান্দি ইউনিয়নের বাসিন্দা। পুলিশ বলছে, তিনি দীর্ঘদিন ধরে বিভিন্ন এলাকা থেকে

মাদক এনে ভোলার বিভিন্ন এলাকায় সরবরাহ করে আসছিলেন।

এ ঘটনায় ভোলা সদর মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়েরের প্রক্রিয়া চলছে।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পাবনার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা
ছাত্রদের আশ্রয়ক ঘো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/4-keji-ganjash-bholay-madk-bjbsayi-greptar>